শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

ISO 9001:2015 Certified

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন : ০৭৪১-৬২৫১১
ই-মেইল: naogaonpbs1@gmail.com
ওয়েব: www.pbs1.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০০৮.২১. ১৫৫৭ তারিখ - ১৩ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ। ২৭ মার্চ, ২০২১ খ্রিঃ।

" নিলাম বিজ্ঞপ্তি "

নিম্নের বর্ননা অনুযায়ী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিচালন ও রক্ষনাবেক্ষণ স্টোর এবং নির্মাণ স্টোরের কনডেম অনুমোদিত ব্যবহার অযোগ্য বাপবিবো/পিডিবি মালামাল 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/এজেন্সীর নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে নিলাম দরপত্রের সিডিউল মোতাবেক বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা) (অফেরতযোগ্য)	দরপত্র জামানতের পরিমান (টাকা) (ফেরতযোগ্য)	দরপত্র দলিল (নিলাম দরপত্র) বিক্রয়ের সময়সূচী ও স্থান	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১.	ব্যবহার অযোগ্য কডনডেম ঘোষিত হার্ডওয়্যার মালামাল, মিটার, সিটি, পিটি, ক্যাপাসিটর, প্লাষ্টিক ববিন জাতীয় মালামাল	৫০০.০০ (পাঁচশত) টাকা।	দাখিলকৃত মূল্যের ২৫%	২৮/০৩/২০২১ খ্রিঃ হতে ১৪/০৪/২০২১ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন) নওগাঁ পবিস-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।	১৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ ১১.৩০ ঘটিকা নওগাঁ পবিস-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।	১৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ ১১.৩৫ ঘটিকায় নওগাঁ পবিস-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।

শর্তাবলীঃ

০১। **দরপত্র দাখিল, খোলার স্থান ও তারিখঃ** আগ্রহী দর প্রস্তাবকারীগন আগামী ১৫/০৪/২০২১ ইং তারিখ সকাল ১১:০০ঘটিকার মধ্যে সীলমোহরকৃত প্রস্তাব (০১) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ (০২) পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উঃ অঃ)পরিদপ্তর,বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন এবং একই দিন সকাল ১১:৩৫ সময় বর্ণিত স্থান সমূহে দরপত্র প্রতিনিধিদের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না।

০২। দাখিলকৃত উদ্ধৃত দরের উপর ২৫% নিরাপত্তা জামানত হিসাবে (যাহা কার্যাদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হইতে MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহনযোগ্য হিসাবে বিবেচিত হবে না।

০৩। **প্রতিটি মালামালের বিপরীতে দর দাখিল করতে হবে এবং দাখিলকৃত দর একত্রিত করে সর্বোচ্চ মোট মূল্যকে বিবেচনায় এনে সর্বোচ্চ দরদাতা নির্বাচন করা হবে।**

০৪। **নিলাম দরদাতা কর্তৃক দাখিলকৃত মূল্য কনডেম ঘোষনা কমিটি কর্তৃক মূল্যের কম হলে তা গ্রহনযোগ্য হবে না।**

চলমান পাতা-২

০৫। দরদাতাকে খামের উপর স্পষ্টভাবে " পরিচালন ও রক্ষনাবেক্ষণ স্টোর এবং নির্মাণ স্টোরের কনডেম অনুমোদিত ব্যবহার অযোগ্য বাপবিবো/পিডিবি মালামাল ক্রয়ের নিলাম দরপত্র " কথাটি লিখতে হবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের)দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে সমিতির সদর দপ্তরের ক্যাশ শাখায় পরিশোধ করে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে মালামাল সমূহ ডেলিভারী গ্রহন করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত ঘোষনা করা হবে। উল্লেখ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর ক্ষেত্রে নগদায়নের পর মালামাল ডেলিভারি দেওয়া হবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে সরকারী নিয়মানুয়ায়ী উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে উৎস কর এবং ৭.৫% হারে মূল্য সংযোজন করসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে মালামাল সমূহ নিয়ে যেতে হবে **(সরকার কর্তৃক কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)**।

০৮। বর্ণিত মালামাল সমূহ আগামী ১৪/০৪/২০২১ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এ পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

০৯। সকল শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য দরদাতা হিসাবে বিবেচনা করা হবে।

১০। নিলামকৃত মালামাল সমূহ গ্রহন/প্রদানের সময় কম বা বেশী হতে পারে।

১১। নিলাম দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা/ফ্লুইড গ্রহনযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দাখিলকৃত একক দর ও মোট দরের মধ্যে কোন পার্থক্য হলে একক দর বিবেচনা করে মোট দর নির্ধারণ করা হবে এবং অংকে ও কথায় উল্লেখিত দরের মধ্যে কোন পার্থক্য হলে কথায় উল্লেখিত দরকে বিবেচনা করা হবে।

১২। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন অথবা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

২৯/৩/২১

(মোঃ রকিউল হক)
জেনারেল ম্যানেজার।
নওগাঁ পবিস-১।

অনুলিপিঃ- নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহঃ

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি), বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, নওগাঁ।
০৪। তত্বাবধায়ক প্রকৌশলী (বগুড়া জোন), বাপবিবো, বগুড়া।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
০৬। জেনারেল ম্যানেজার ---------------------------------- পবিস ১/২/৩/৪।
০৭। ডি জি এম, সকল, নপবিস-১।
০৮। এ জি এম (অর্থ), নপবিস-১।
০৯। মেসার্স ---------------------------------------
১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিসকপি/মাস্টারকপি, নপবিস-১।

জেনারেল ম্যানেজার।
নওগাঁ পবিস-১।

\\Bony-pc\d\DEO-2(Bristy)\Admin Department\নিলাম সিডিউল।.docx